

কানাডায় সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব এবং অভিভাবকত্ব কাল

(এটিকে পূর্বে কাস্টাডি এবং অ্যাক্সেস/ভিজিটেশন বলা হতো)

দুজন বাবা-মা একসাথে না থাকার সিদ্ধান্ত নিলে তাদের সিদ্ধান্ত নিতে হবে:

- তাদের সন্তানের বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত কে নেবেন
- সন্তান বাবা-মায়ের কার সাথে কতটুকু সময় কাটাবে (সন্তানকে বাবা-মা উভয়ের সাথে থাকতে হবে না, তবে সে প্রত্যেকের সাথে সময় কাটাতে পারে)

এই দুটি বিষয় আইনতভাবে সিদ্ধান্ত-গ্রহণের দায়িত্ব (পূর্বে তত্ত্বাবধান বলা হতো) এবং অভিভাবকত্ব কাল (পূর্বে অ্যাক্সেস বা ভিজিটেশন বলা হতো) হিসাবে পরিচিত।

বাবা-মা দুজন বিবাহিত হলে এবং বিবাহবিচ্ছেদ নিলে তাদের অধিকার এবং দায়িত্ব ডিভোর্স অ্যাক্ট বা বিবাহবিচ্ছেদ আইনের অধীনে থাকবে, যা একটি কেন্দ্রীয় আইন।

বাবা-মা দুজন বিবাহিত না হলে বা তারা বিবাহবিচ্ছেদ না চাইলে তাদের অধিকার এবং দায়িত্ব প্রাদেশিক আইনের অধীনে থাকবে। অন্টারিওতে এটি ফ্যামিলি ল অ্যাক্ট বাপারিবারিক আইন।

সিদ্ধান্ত-গ্রহণের দায়িত্ব

সিদ্ধান্ত-গ্রহণের দায়িত্ব বলতে কী বোঝায়?

- স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতি, ভাষা, ধর্ম এবং পাঠ্যসূচির বাইরে গুরুত্বপূর্ণ ক্রিয়াকলাপ সম্পর্কে সিদ্ধান্তসহ সন্তানের মঙ্গলে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব

সিদ্ধান্ত-গ্রহণের দায়িত্ব আদালতের আদেশ বা বাবা-মায়ের মধ্যে চুক্তি দ্বারা নির্ধারিত হতে পারে।

সিদ্ধান্ত-গ্রহণের দায়িত্বের ধরন:

১. একক সিদ্ধান্ত-গ্রহণের দায়িত্ব - বাবা-মায়ের মধ্যে যেকোনো একজনের, অন্যজনের কোনো সম্মতি বা সম্পৃক্ততা ছাড়াই সন্তানের সমস্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত-গ্রহণের অধিকার থাকবে, যদি না চুক্তি বা আদালতের আদেশে অন্য কিছু থাকে।
২. যৌথ সিদ্ধান্ত গ্রহণের-দায়িত্ব - বাবা-মা উভয়ই সন্তানের ব্যাপারে সিদ্ধান্ত-গ্রহণের অধিকার ভোগ করেন এবং উভয়ই সিদ্ধান্ত-গ্রহণের সাথে সম্পৃক্ত থাকেন।

৩. কার্যত সিদ্ধান্ত-গ্রহণের দায়িত্ব - বাবা-মায়ের মধ্যে একজন চলে গেলে যিনি সন্তানের সাথে থাকবেন স্বয়ংক্রিয়ভাবে তার সিদ্ধান্ত-গ্রহণের দায়িত্ব থাকবন, যতক্ষণ না আদালত কাউকে স্থায়ীভাবে সিদ্ধান্ত-গ্রহণের দায়িত্ব দেয়। কার্যত সিদ্ধান্ত-গ্রহণের দায়িত্ব পাওয়ার অর্থ হলো অন্য অভিভাবক এই ব্যবস্থা মেনে নিয়েছেন। এটি একক সিদ্ধান্ত-গ্রহণের দায়িত্ব থেকে ভিন্ন, কারণ এতে কোনো আইনি ব্যবস্থা নেই।

অভিভাবকত্ব কাল

অভিভাবকত্ব কাল বলতে কী বোঝায়?

- সন্তানের বাবা-মায়ের সাথে কাটানো সময়
- সন্তানকে সশরীরে বাবা-মায়ের সাথে থাকতে হবে না। উদাহরণস্বরূপ, যদি স্কুলের দিনে বাবা বা মা'র সন্তানের সাথে সময় কাটানোর কথা থাকে, তবে শিশুটি স্কুলে যে সময় ব্যয় করে তা সেই অভিভাবকত্ব কালের মধ্যে পড়ে। সন্তান বাবা-মায়ের সাথে থাকাকালে সন্তানের ব্যাপারে প্রতিদিনকার সিদ্ধান্ত, যেমন খাবার সংক্রান্ত, শোবার সময় ইত্যাদি গ্রহণের অধিকারও অভিভাবকত্ব কালে অন্তর্ভুক্ত। এই অভিভাবকের তাদের সন্তানের ভালো-মন্দ সম্পর্কিত তথ্য জানার অধিকার থাকবে।
- আদালতের আদেশ বা বাবা-মায়ের মধ্যে কোনো চুক্তি দ্বারা অভিভাবকত্ব কাল নির্ধারিত হতে পারে।

অভিভাবকত্ব-কাল বন্দোবস্তের ধরন:

১. যৌথ অভিভাবকত্ব কাল - বাবা-মা উভয়ই তাদের সন্তানের সাথে কাটানো সময় ভাগ করে নেন। এর মানে হলো সন্তান বাবা ও মা দুজনের সাথেই কমপক্ষে ৪০ শতাংশ সময় ব্যয় করে।
২. বিভক্ত অভিভাবকত্ব কাল - বাবা-মায়ের একাধিক সন্তান থাকলে বাবা-মা দুজনেই পৃথকভাবে অন্তত যেকোনো একজন সন্তানের সাথে বেশিরভাগ সময় (৬০ শতাংশের বেশি) ব্যয় করে।
৩. তত্ত্বাবধায়নকৃত অভিভাবকত্ব কাল - বাবা-মায়ের কোনো একজন যখন সন্তানের সাথে সময় কাটান, তখন অন্য কাউকে অবশ্যই উপস্থিত থাকতে হবে। সাক্ষতের সময় নিরাপত্তার বিষয় জড়িত থাকলে সাধারণত এমনটি ঘটে।

বাবা-মা উভয়ই সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব এবং অভিভাবকত্ব কাল ব্যবস্থার বিষয়ে সম্মত হলে তারা যা করতে পারে:

- তাদের অনানুষ্ঠানিক চুক্তির রূপরেখা স্বল্পিত একটি অভিভাবকত্ব পরিকল্পনার খসড়া তৈরি করা বা
- তাদের বিচ্ছেদ চুক্তিতে অভিভাবকত্ব পরিকল্পনা অন্তর্ভুক্ত করা যা আদালতে দায়ের করা যেতে পারে বা
- আদালতের আদেশ প্রাপ্তি (আদালতের প্রক্রিয়া ইতোমধ্যেই শুরু হয়ে থাকলে)

বাবা-মা উভয়ই সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব এবং অভিভাবকত্ব কাল ব্যবস্থার বিষয়ে সম্মত না হলে তারা যা করতে পারেন:

- বিচারকের সামনে সমস্ত অনিষ্পন্ন সমস্যা সমাধানের লক্ষ্যে আদালতে গমন। বিচারক তখন অভিভাবকত্ব আদেশ জারি করবেন। এই আদেশ সন্তানের বিষয়ে সিদ্ধান্ত-গ্রহণের দায়িত্ব বা অভিভাবকত্ব কাল ব্যবস্থা নির্ধারণ করবে

সিদ্ধান্ত-গ্রহণের দায়িত্ব কে পাবে, এবং সন্তান বাবা-মা দুজনের মধ্যে প্রতিজনের সাথে কতটা সময় কাটাবে তা নির্ধারণ করার সময় আদালত তার সর্বোত্তম স্বার্থ বিবেচনা করবে এবং কিছু বিষয় বিবেচনায় নেবে, যেমন:

- সন্তানের স্থিতিশীলতার প্রয়োজনপ্রতি অভিভাবকেরসাথে সন্তানের সম্পর্ক
- সন্তানের পরিচর্যার ইতিহাস
- সন্তানের মতামত এবং পছন্দ
- সন্তানের ধর্ম ও সংস্কৃতি
- কোনো পারিবারিক হিংসা

সিদ্ধান্ত-গ্রহণের দায়িত্ব এবং অভিভাবকত্ব কাল বন্দোবস্তসমূহের পরিবর্তন করা

বাবা-মায়ের নিজেদের মধ্যে ব্যক্তিগতভাবে চুক্তি হলে:

- তারা একটি নতুন চুক্তি করতে পারেন এবং পুরানো চুক্তি আর বৈধ নয় মর্মে সম্মত হতে পারেন
- পরিবর্তনের বিষয়ে একমত না হতে পারলে তারা আদালতের বাইরে মধ্যস্থতার মতো বিরোধ নিষ্পত্তি পদ্ধতির মাধ্যমে এর সমাধান করার চেষ্টা করতে পারেন, অথবা আদালতে যেতে পারেন (তারা আদালতে চুক্তিটি দায়ের করে থাকলে)

বাবা-মা আদালতের আদেশ পেয়ে থাকলে:

- তারা পরিবর্তনের সাথে একমত না হলে তাদের পূর্ববর্তী আদেশ "ভিন্ন করার" (পরিবর্তন করার) জন্য আদালতে আবেদন করবেন। আদালতে তাদেরকে প্রমাণ করতে হবে যে, শেষ আদেশের পর থেকে সন্তানের পরিস্থিতির পরিবর্তন ঘটেছে।
- পরিবর্তনের বিষয়ে সম্মত হলে তারা আদালতে নতুন চুক্তি জমা দিতে এবং আদালতকে "সম্মতি আদেশ" নামে একটি আদেশ জারি করতে বলতে পারেন।